



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ইডেন মহিলা কলেজ, ঢাকা

ফোন : ৫৮৬১৩০৫৩, ফ্যাক্স : ৯৬১৫১৫৫


ই-মেইল : edenmohilacollege1@gmail.com



বিজ্ঞপ্তি

তারিখ : ২৪/০৪/২০২২ খ্রি.

এ মর্মে জানানো যাচ্ছে যে, ইডেন মহিলা কলেজের একটি অফিসিয়াল ফেইসবুক গ্রুপ ও একটি ফেইসবুক পেইজ রয়েছে। ফেইসবুক গ্রুপটি একটি প্রাইভেট গ্রুপ এবং অত্র কলেজের শিক্ষকবৃন্দ এর সদস্য। কলেজের বিভিন্ন প্রোগ্রাম এই গ্রুপে পোস্ট করা হয়। ফেইসবুক পেইজেও কলেজের বিভিন্ন প্রোগ্রাম সরাসরি প্রচার ও আপলোড করা করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, ইডেন মহিলা কলেজ নামে বাংলা ও ইংরেজিতে অনেক ফেইসবুক গ্রুপ ও পেইজ সক্রিয় রয়েছে। এসব গ্রুপে ইডেন মহিলা কলেজের অধ্যক্ষ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি সাত কলেজের সমন্বয়কের নাম ব্যবহার করে বিভিন্ন ধরনের বিজ্ঞপ্তি পোস্ট করা হয়, যা অনেক সময় শিক্ষক-শিক্ষার্থী ও জনমনে বিভ্রান্তি ছড়াতে পারে। এসব বিজ্ঞপ্তির বিষয়ে ইডেন মহিলা কলেজ প্রশাসন ও শিক্ষকবৃন্দের বিন্দুমাত্র সংশ্লিষ্টতা নেই। সবাইকে এ ধরনের বিভ্রান্তিকর ও উস্কানিমূলক পোস্ট এর ব্যাপারে সতর্ক থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


(প্রফেসর সুপ্রিয়া ভট্টাচার্য)
অধ্যক্ষ (প্রফেসর সুপ্রিয়া ভট্টাচার্য)
আইডি নং- ২৭৯০
ইডেন মহিলা কলেজ, ঢাকা অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা ;
- ২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, অত্র কলেজ;
- ৩। আহ্বায়ক, ওয়েব সাইট কমিটি, অত্র কলেজ;
- ৪। টিম লিডার, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) কমিটি;
- ৫। অফিস কপি।